

এই আমি—
 এই নিই হাওয়ার নিঃশ্বাস,
 কান্ন করি,
 প্রাণের প্রাচুর্যে থাকি বেঁচে,
 (নিজেই নিঃশ্বাসে চলে)
 আমার কবিতা যাই লিখে ।
 জীবনের জ্রুকৃতির চোখে
 চোখরাখে কটাক আমার ।
 আমার সমস্ত শক্তি দিয়ে
 জীবনের সঙ্গে আমি যুঝি ।

জীবনের সঙ্গে থাক যতই বিবাদ—

জ্বলেও ভেবোনা
 আমি করি জীবনকে ঘৃণা ।
 বরং উন্টেটা সত্য—
 মরে যাই সেও ভালো
 তবু চাইব
 জীবনের বাধনখ
 আমাকে জড়াক বাহুডোরে !
 যদি কোনদিন